- In 300 liter white fibre glass tank, in outdoor culture condition with inoculums density 0.5×10^6/ml, the highest average growth could be 3.57cells/ml$\times10^6$ observed for *Nannochlorum sp.* on 14th days of culture.
- Tetraselmis sp. contained the highest protein content (63%) after 14th days of culture.
- Enriched Rotifer (*Brachionus plicatilis*) with microalgae+ fish oil contains high protein content (68.4%).
- Live feed enhances survivability of shrimp/fish larvae, which might promote brackish and freshwater shrimp/prawn/finfish culture in Bangladesh.

Researcher:

Nilufa Begum
Principal Seinetific Officer
Bangladesh Fisheries Research Institute, Mymensing
Mobile: 01717337725, Email: bfri.fpss@yahoo.com

ঈষৎ লবণাক্ত পানিতে মাছ চাষে পুষ্টি সমৃদ্ধ জলজ ক্ষুদ্র ক্ষুদ্র প্রাণিকনার চাষ

ভূমিকা

জীবন্ত খাবার বলতে মূলত জলজ ক্ষুদ্র ক্ষুদ্র প্রাণিকণা ও উদ্ভিদ কণাকে বুঝায়। এগুলো ক্ষুদ্র, সহজপাচ্য ও পুষ্টিসমৃদ্ধ হওয়ায় মাছ/চিংড়ির পোনার মূল খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। বাংলাদেশের লোনাপানি ও সামুদ্রিক হ্যাচারিগুলোতে পোনা উৎপাদনে জীবন্ত খাদ্য প্রধান খাদ্য উৎস হিসেবে ব্যবহার করা হয়। এ খাবার মাছ ও চিংড়ির পোনার জীবনীশক্তি বর্ধন ও বৃদ্ধি ত্বরান্বিত করার পাশাপাশি পানি থেকে দ্রবীভূত পুষ্টিকণা, ব্যাকটেরিয়া, পচা দ্রব্য গ্রহণ করে পানি পরিশোধনের কাজও করে। হ্যাচারীতে টেকসই ও গুণগত মানসম্পন্ন পোনা উৎপাদনের ক্ষেত্রে পর্যাপ্ত ও পুষ্টিমান সম্পন্ন জীবন্ত খাবার উৎপাদনই মূলত জীবনীশক্তি হিসেবে কাজ করে। এ খাদ্যের উদ্ভিদ কণা প্রজাতি গুলোর মধ্যে অন্যতম ন্যানোক্লোরোপসিস (*Nannochloropsis* sp.), ন্যানোক্লোরাম (*Nannochlorum* sp.), টেট্রাসেলমিস (*Tetraselmis* sp.) এই তিনটি প্রজাতির মাইক্রোঅ্যালজি প্রয়োজনীয় ফ্যাটি এসিড সমৃদ্ধ। প্রাণিকণার মধ্যে অন্যতম রটিফার ব্রাকিওনাসকে (*Brachionus* sp.) পুষ্টিমান ও সহজপাচ্যতার জন্য লোনাপানির মাছের সদ্যোজাত পোনার আদর্শ খাদ্য হিসেবে বিবেচনা করা হয়। এই ক্ষেত্রে লার্ভির গুণগত মান বজায় রাখা ও পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় পুষ্টিমান সম্পন্ন জীবন্ত খাবার উৎপাদন জরুরি। সর্বোপরি, অধিক পরিমাণ ও গুণগত মানসম্পন্ন পুষ্টি উপাদান বিশেষ করে অধিক প্রয়োজনীয় ফ্যাটি এসিড (HUFA) সমৃদ্ধ খাদ্য উৎপাদনের জন্য জীবন্ত খাবার প্রয়োজন।

প্রযুক্তির বর্ণনা

- F_2 মাধ্যম (অ্যালজি চাষের আদর্শ মাধ্যম) ও অজৈব সার ব্যবহার করে ন্যানোক্লোরোপসিস (*Nannochloropsis* sp.), ন্যানোক্লোরাম (*Nannochlorum* sp.), টেট্রাসেলমিস (*Tetraselmis* sp.) এই তিনটি প্রজাতির মাইক্রোঅ্যালজির অভ্যন্তরীণ ও বহিরাঙ্গন চাষ করা যেতে পারে।
- অভ্যন্তরীণ ও বহিরাঙ্গন চাষ ব্যবস্থায়, ২৫-৩০ পিপিটির ১ লিটার ফিল্টারকৃত সমুদ্রের পানিতে ১ মিলি লিটার হারে ঋ২ মাধ্যম ব্যবহার করতে হবে। প্রস্তুতকৃত অভ্যন্তরীণ চাষ মাধ্যমে মাইক্রোঅ্যালজির প্রবেশন ঘনত্ব দিতে হবে ৫-১০% (০.৫ কোষ/মি.লি. x ১০^{৬})। আলোক ঘনত্ব ১৫০০-২০০০ লাক্স এ নিয়ন্ত্রণ করে ৬-১৬ দিনব্যাপী ২৪ ঘন্টা অবিরত ২০-২৫$^{\circ}$ সেলসিয়াস তাপমাত্রায় রাখতে হবে।
- বহিরাঙ্গন চাষ ব্যবস্থায় বৃহদায়তন চাষ মাধ্যমে ২৫-৩০ পিপিটির ৩০০ লিটার ফিল্টারকৃত পানি, অজৈব সার (N+P+K= ৬ গ্রাম +০.৫ গ্রাম +৬ গ্রাম) দ্বারা সমৃদ্ধ করতে হবে এবং মাইক্রোঅ্যালজির প্রবেশন ঘনত্ব ১০-৩০% (০.৫ কোষ/মি.লি. x ১০^{৬}) রাখতে হবে। দিনের সাধারণ আলোতে ৫-১৬ দিন ব্যাপী চাষ করতে হবে।

চিত্র: ল্যাবে জীবন্ত অ্যালজি কালচার

- বহিরাঙ্গন চাষ ব্যবস্থায় পাত্র হিসেবে ৩০০ লি. প্লাস্টিক পাত্রে, ২০ রটিফার/মি.লি. প্রবেশন ঘনত্বে রটিফার ব্রাকিওনাস (*Brachionus* sp.) চাষ করা যেতে পারে। এক্ষেত্রে, ঈস্ট + মাইক্রোঅ্যালজি মাধ্যম ব্যবহার করে ১০ দিন পর রটিফারের সর্বোচ্চ সংখ্যা (১৯০ রটিফার/মি.লি.) পাওয়া যেতে পারে। তবে, অধিক প্রবেশন ঘনত্বে (৩০০-৪০০ রটিফার/মি.লি.), মাইক্রো অ্যালজি + ফিশ অয়েল মাধ্যম ব্যবহার করে সর্বোচ্চ উৎপাদন ৭৫০ রটিফার/মি.লি. পাওয়া যেতে পারে।

প্রযুক্তির সুবিধা

- অভ্যন্তরীণ চাষ ব্যবস্থায় F_2 মাধ্যম ব্যবহার করে ২ লি. কনিকেল ফ্লাস্কে ০.৫ কোষ/মি.লি. x ১০^{৬} প্রবেশন ঘনত্বে ১৪ দিনের চাষে টেট্রাসেলমিস (*Tetraselmis* sp.) এর সর্বোচ্চ উৎপাদন (৬.৮৭ কোষ/মি.লি. x ১০^{৬}) পাওয়া সম্ভব।
- বহিরাঙ্গন চাষ ব্যবস্থায় ৬০ লি. সাদা পাত্র ব্যবহার করে ০.৫ কোষ/মি.লি. x ১০^{৬} প্রবেশন ঘনত্বে ১৪ দিনের চাষে ন্যানোক্লোরোপসিস (*Nannochloropsis* sp.) এর সর্বোচ্চ সংখ্যা বৃদ্ধি (২.৮৭ কোষ/মি.লি. x ১০^{৬}) করা সম্ভব।
- অন্যদিকে, বহিরঙ্গন চাষ ব্যবস্থায় ৩০০ লি. সাদা ফাইবার গ্লাস ট্যাংক ব্যবহার করে একই প্রবেশন ঘনত্বে ১৪ দিনের চাষে ন্যানোক্লোরাম (*Nannochlorum* sp.) উৎপাদনে সর্বোচ্চ (৩.৯০ কোষ/মি.লি. x ১০^{৬}) ফলাফল পাওয়া সম্ভব।
- উৎপাদিত তিনটি প্রজাতির মাইক্রোঅ্যালজির মধ্যে ১৪ দিনের চাষে টেট্রাসেলমিস তুলনামূলক বেশি প্রোটিন সমৃদ্ধ (৬৩%)।
- রটিফার চাষের ক্ষেত্রে ঈস্ট + মাইক্রোঅ্যালজি মাধ্যম এবং অধিক প্রবেশন ঘনত্বে মাইক্রোঅ্যালজি + ফিশ অয়েল মাধ্যম ব্যবহারে সর্বোচ্চ উৎপাদন সম্ভব।
- মাইক্রোঅ্যালজি (*Brachionus plicatilis*)+ফিশ অয়েল মাধ্যমে উৎপাদিত রটিফার অন্য মাধ্যমের তুলনায় অধিক প্রোটিন সমৃদ্ধ (৬৮.৪ %)।
- জীবন্ত খাবার মাছ ও চিংড়ির পোনার জীবনীশক্তি বৃদ্ধি করে যা লোনাপানি ও স্বাদুপানির মাছ ও চিংড়ির উৎপাদন বৃদ্ধিতে কার্যকরী ভূমিকা পালন করবে।

Ministry of Agriculture
THE WORLD BANK IBRD • IDA | WORLD BANK GROUP
USAID FROM THE AMERICAN PEOPLE
IFAD Investing in rural people

Brood Stock of Mud Crab under Captive Conditions for Sustainable Hatchery Operation

Introduction

Mud crab is a popular mariculture species, usually exploited from the natural source. The population is decreasing gradually due to over-exploitation. Thus, crab seeding production in hatchery conditions is important to support crab aquaculture and conserve biodiversity. One of the remarkable obstacles to seed production in hatchery conditions is the unavailability of quality berried crab broods. Mud crab is a migratory species, potential female broods migrate to the deep sea in quest of suitable environmental conditions for spawning, embryonic development, and larvae survival. Therefore, the collection of broods from the deep sea is laborious, hardy, risky, and expensive.

Description of the Technology

Photo: Culture of Microalgae in lab

- **Development of suitable environment for spawning:** A cemented house, rectangular/circular fiberglass tank, or plastic drum with a height of 72 inches is suitable as a spawning vessel. A set of interconnected multiporous plastic pipes to be fixed at the bottom of the tank covered with plastic bana/pata and nylon net. The other edge of the pipe is to be set up with the water level and connected with the aerator. Then, the bottom of the vessel is to be partially filled with 5-10 inch height of clean sand. The sand layer ensures hiding or resting shelter of the broods and also helps as a spawning substrate making a small hole that minimizes the spreading of spawned eggs. Half of the tank (50 cm depth) is to be filled with 27-30 ppt sea water and the rest half remains blank to restrict the crabs from escaping through climbing. The tank should be covered with an orchid net for providing a shed to the broods as per their preference.
- **Brood selection and transportation features:** Brood are to be collected from a clean water source to reduce bacterial, fungal, and protozoan loads; carapace and body shell need to be harder, clean and all the appendages must be intact; weight should be within 250-450 g and carapace width of 9.5 - 11.5 cm; selected broods must be fully gravid (body cavity full with yellow color gonad); chelipeds to be tied to restrict from fighting; body surface of crab should be in wet condition with source water during transportation.; an aerated Styrofoam cartoon/plastic bucket/plastic box could be used for brood transportation; the color of berried brood must be light grey (ensured fertilized); in case of berried brood transportation, a soft layer of wet cloth or foam needs to be set to reduce stress on egg mass; some water samples from brood source to be collected to know the salinity of origin and subsequent acclimatization in transport way and in the hatchery as well.
- **Water and feed management:** Setting up a bio-filter is necessary where adequate seawater is in scares. At least 30-40% water must be exchanged 3-4 times a week. For the recirculation system, the water of brood stock tanks to be partially exchanged (30-50%) after 15 days to 1-month intervals. Water quality variables should be maintained properly; water temperature ranged to be 27-30°C, pH 7.5-8.5, salinity 27-30 ppt, dissolved oxygen >5 ppm, and ammonia <0.1 ppm. For communal rearing, limb-lost crabs and shell infected/shell-fouling crabs are to be discarded if any. Feed and feeding management of brood stock is crucial for berried brood production; a weekly schedule of various feed items like brackish water/marine water fish like mussel meat, blood cockles, polychaete, squid, etc. can give better performance. Feeding is to be supplied twice a day @10-15% of the biomass of which 25-30% in the morning and the rest in the evening. A feeding tray could be used for proper management of feed and removal of uneaten feeds. Uneaten feeds and excreta must be removed before each feeding. The feeding tray should be cleaned once a week and the bottom sand must be agitated and cleaned weekly.
- **Spawning of broods:** Berried broods may spawn within 3-60 days depending on the appropriate selection of its maturity stage. Brood must be gently taken out from spawning tanks and repeatedly washed with clean sea water prior to transfer to the hatching tanks. Eggs are yellowish-orange, orange, or reddish-orange in color during spawning.
- **Management of berried broods and hatching:** The hatching tank is to be filled with 27-30 ppt sterilized seawater and facilitated with aeration. Three-forth portions of the tank need to be covered with a black polythene sheet or orchid net for providing darkness and to hold a stable temperature. Berried broods were to be disinfected with 100 ppm formalin solution for 30 minutes, washed repeatedly with clean seawater, and transferred to the hatching tank. For 1st 3 days, the aforesaid feed is to be supplied @10-15% per day. After one hour, uneaten feed should be siphoned out. When the egg mass turned into dark orange or light brown color, the food supply should be stopped. Eggs and feces should be siphoned out before water exchange. About 30-40% of the water should be exchanged every day. In order to test embryonic development and bio-fouling, it is necessary to investigate a small portion of the egg under the microscope in every 3-4 days during the incubation period. In case of infestation of eggs by fungus or protozoa, Triflan (44% trifuralin) @ 0.1 ppm is to be applied in water every 2-3 days for prevention. Hatching (production of Zoea-1) occurs after 10-14 days under 27-30 ppt salinity and at a temperature of 27-30 °C. Hatching usually starts in the very early morning and ends within 30 minutes to 1 hour. The hatched crab is to be transferred from the hatching tank after the completion of all eggs released. An adult crab is able to lay eggs twice more within 1 to 4 months without molting and further matting.

Suitable locations:

- Coastal regions (Satkhira, Khulna and Bagerhat, Chattogram and Cox's Bazar)

The benefit of the technology

- This technique can produce 40-69% berried crab brood with 84-94% hatchling rates.
- Application of the technology would be helpful for sufficient berried brood supply to the hatchery for uninterrupted carb production.
- A new value chain for mud crab aquaculture would be developed by supplying juvenile carb to the fattening and soft shell farms.
- Adoption of the technology might be helpful for the enhancement of crab production and remittance earnings as well as conservation and management of the natural stock.

Researcher:
Dr. Md. Latiful Islam
Principal Scientific Officer
Bangladesh Fisheries Research Institute, Brackishwater Station, Paikgacha, Khulna
Mobile: 01715-645260, latiful.bfri@gmail.com

শীলা কাঁকড়ার *(Scylla olivacea)* টেকসই হ্যাচারি পরিচালনায় নিয়ন্ত্রিত পরিবেশে প্রজননক্ষম (বেরিড) মা কাঁকড়া উৎপাদন

ভূমিকা

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে শীলা কাঁকড়া অন্যতম জনপ্রিয় মেরিকালচার প্রজাতি হিসেবে বিবেচিত, যা সাধারনত প্রাকৃতিক উৎস্য থেকে আহরিত হয়। আন্তর্জাতিক বাজারে এর ব্যাপক চাহিদা রয়েছে এবং বিশ্বের অনেক দেশের খ্যাতনামা রেস্তোরাঁয় শীলা কাঁকড়া অন্যতম ব্যয়বহুল সি-ফুড উপকরণ হিসেবে প্রশংসিত। প্রাকৃতিক উৎস থেকে অবিরাম আহরণের ফলে শীলা কাঁকড়ার জীব-বৈচিত্র ও সংখ্যা ধীরে ধীরে হ্রাস পাচ্ছে। ফলশ্রুতিতে শীলা কাঁকড়ার চাষকে দীর্ঘমেয়াদী-স্থিতিশীল করতে হলে এবং এর জীব বৈচিত্র্য সংরক্ষণের জন্য নিয়ন্ত্রিত পরিবেশে হ্যাচারিতে কাঁকড়ার পোনা উৎপাদন সময়ের দাবি।

প্রযুক্তির বিবরণ

চিত্র: ল্যাবে জীবন্ত অ্যালজি কালচার

- ***শীলা কাঁকড়ার ডিম দেওয়ার জন্য অনুকূল পরিবেশ উন্নয়নঃ*** সিমেন্টের সিস্টার্ন, আয়তাকার/গোলাকার ফাইবার গ্লাস ট্যাংক বা ৭২ সেন্টিমিটার উচ্চতার প্লাস্টিকের হাফ ড্রাম বেরিড ব্রুড উৎপাদনের উপযুক্ত পাত্র হিসেবে বিবেচিত। পরস্পরের সাথে সংযুক্ত বহু-ছিদ্রযুক্ত প্লাস্টিকের পাইপের একটি সেট নাইলন জালে আবৃত করে ট্যাঙ্কের নীচে স্থাপন করতে হবে। ট্যাংকের তলদেশে স্থাপিত পাইপের অন্য প্রান্তটি পানির স্তর নিয়ন্ত্রণ করে এবং এ্যারেটরের লাইনের সাথে সংযুক্ত থাকে বিধায় স্বয়ংক্রিয় ফিল্টারের কাজ করে। তারপর পাত্রের নিচের পাইপের উপর প্লাস্টিকের চটায় বুনা পাটা (বানা) এবং নাইলন নেট দিয়ে ঢেকে ৫-১০ ইঞ্চি পুরুত্বের পরিষ্কার বালি দিয়ে ভরাট করতে হবে। বালির স্তরটি মা কাঁকড়ার লুকানো বা বিশ্রাম স্থল হিসেবে কাজ করে। উপরন্ত বালির স্তরটি কাঁকড়ার ডিম ছাড়ার স্থান হিসেবেও সাহায্য করে। যেখানে বালির উপর ছোট গর্ত করে মা কাঁকড়া ডিম দিয়ে থাকে এবং ডিম ছড়িয়ে পরার হার কমিয়ে দেয়। ট্যাঙ্কের অর্ধেক (৫০ সেন্টিমিটার গভীরতা) অংশ ২৭-৩০ পিপিটি লবণাক্ততার সমুদ্রের পানি দ্বারা পূর্ণ করা হয় এবং বাকি অর্ধেক অংশ ফাঁকা রাখা হয় যাতে কাঁকড়া ট্যাংকের দেয়াল বেয়ে পালিয়ে যেতে না পারে। মা কাঁকড়া অন্ধকার স্থান পছন্দ করে বিধায় ট্যাংকের উপরের অংশ অর্কিড নেট দিয়ে ঢেকে দেওয়া হয়।
- ***উপযুক্ত গ্রাভিড ব্রুড নির্বাচন এবং পরিবহনঃ*** ব্রুড নির্বাচন এবং পরিবহনের সময় ব্যাকটেরিয়া, ছত্রাক এবং প্রোটোজোয়া আক্রালোড কমানোর জন্য মা কাঁকড়া সবসময় পরিষ্কার পানির উৎস থেকে সংগ্রহ করতে হবে। দেহের খোলস অবশ্যই শক্ত ও পরিষ্কার হতে হবে এবং সমস্ত উপাঙ্গ অক্ষত থাকতে হবে। মা কাঁকড়ার দেহ ওজন ২৫০-৪৫০ গ্রাম হওয়া বাঞ্ছনীয় এবং পৃষ্ঠখোলশের (ক্যারাপেস) প্রসস্থতা ৯.৫-১১.৫ সে.মি. হওয়া বাঞ্চনীয়। নির্বাচিত মা কাঁকড়াগুলো অবশ্যই সম্পূর্ণ গ্র্যাভিড হতে হবে (দেহ গহ্বরে হলুদ রঙের ডিম্বাশয় বিদ্যমান)। আক্রমণ হতে বিরত রাখার জন্য গ্র্যাভিড ব্রুডের চিমটা পাগুলো (চেলিপোড) অবশ্যই বেধে পরিবহন করতে হবে। কাঁকড়ার দেহের উপরিভাগ কাঁকড়া সংগ্রহের উৎসের জল দিয়ে অবশ্যই ভেজা অবস্থায় পরিবহন করতে হবে। মা কাঁকড়া পরিবহনের জন্য বায়ু সঞ্চালনযুক্ত স্টাইরোফোম কার্টুন, প্লাস্টিকের বালতি বা প্লাস্টিকের বাক্স ব্যবহার করা যেতে পারে। বেরিড ব্রুড (ডিমওয়ালা) সংগ্রহের ক্ষেত্রে ডিমের রঙ অবশ্যই হালকা ধূসর হতে হবে, যা নিষেক নিশ্চিত করে। বেরিড ব্রুড পরিবহনের সময় ডিম্বাশয়ের উপর চাপ কমাতে অবশ্যই ভেজা কাপড়ের নরম স্তর বা ভেজা ফোম ব্যবহার করতে হবে। ব্রুডের উৎস্য থেকে অবশ্যই কিছু পানির নমুনা সংগ্রহ করতে হবে যাতে পরিবহনের সময় এবং হ্যাচারিতে ব্রুডের অভ্যস্তকরণের জন্য পানির উৎস এর লবণাক্ততা ও অন্যান্য গুণাবলি সম্পর্কে জানা যায়।
- ***পানি এবং খাদ্য ব্যবস্থাপনাঃ*** যেখানে পর্যাপ্ত সমুদ্রের পানির ঘাটতি রয়েছে, সেখানে বায়ো-ফিল্টার স্থাপন করা প্রয়োজন। যদি ব্রুডস্টক ট্যাংকে বায়োফিল্টার সংযোগ ব্যবস্থা না থাকে, তাহলে প্রতি সপ্তাহে ৩-৪ বার ৩০-৪০% হারে পানি পরিবর্তন করতে হবে। আর যদি বায়োফিল্টার সংযোগ ব্যবস্থা থাকে তাহলে ব্রুডস্টক ট্যাংকের পানি প্রতি ১৫ দিন থেকে ১ মাসের ব্যবধানে ৩০-৫০% হারে পরিবর্তন করা উচিত। পানির সকল গুণগত মান সঠিকভাবে বজায় রাখা উচিত। পানির তাপমাত্রা ২৭-৩০ ডিগ্রি সেলসিয়াস, পিএইচ ৭.৫-৮.৫, লবণাক্ততা ২৭-৩০ পিপিটি, দ্রবীভূত অক্সিজেন >৫ পিপিএম এবং অ্যামোনিয়া <০.১ পিপিএম এর মধ্যে হওয়া উচিত। সাপ্তাহিক খাদ্য তালিকায় বিভিন্ন খাদ্য উপাদানের মিশ্রণ বা খাদ্য পরিবর্তন ভাল ফলাফল প্রদান করে, যেমন লোনাপানির বা সামুদ্রিক মাছ, ঝিনুকের মাংস, ব্লাড কোকল্স, পলিকিট লার্ভি, স্কুইড, ইত্যাদি। দেহ ওজনের ১০-১৫% হারে দিনে ২ বার খাবার প্রদান করা উচিত, যার ২৫-৩০% সকালে এবং বাকি অংশ সন্ধায় প্রদান করতে হবে। খাদ্যের সঠিক ব্যবস্থাপনা এবং অপ্রয়োজনীয় খাদ্য অপসারণের জন্য ফিডিং ট্রে ব্যবহার করা যেতে পারে। প্রতি সপ্তাহ অন্তর খাদ্য প্রয়োগের ট্রে পরিষ্কার করা উচিত।
- ***মা কাঁকড়ার ডিম দেওয়াঃ*** পরিপক্কতা ভেদে এবং যথাযথ নির্বাচনের উপর নির্ভও করে ৩-৬০ দিনের মধ্যে ব্রুড কাঁকড়া (বেরিড) ডিম ছাড়তে পারে। বেরিড ব্রুডকে আস্তে আস্তে স্পনিং ট্যাংক থেকে বের করে নিতে হবে এবং হ্যাচিং ট্যাংকে স্থানান্তরের আগে বারবার পরিষ্কার সমুদ্রের পানি দিয়ে ধুয়ে নিতে হবে। স্পনিং এর সময় ডিমগুলি হলুদাভ-কমলা, কমলা বা লালচে কমলা রঙের হয়।
- ***বেরিড কাঁকড়ার ব্যবস্থাপনা এবং ডিম ফোটানোঃ*** হ্যাচিং ট্যাংকটি অবশ্যই ২৭-৩০ পিপিটির জীবাণুমুক্ত সমুদ্রের পানি দ্বারা পূর্ণ করতে হবে এবং এয়ারেশনের ব্যবস্থা করতে হবে। ট্যাংকের অভ্যন্তর অন্ধকার রাখার জন্য এবং তাপমাত্রা স্থিতিশীল রাখতে ট্যাংকের তিন-চতুর্থাংশ কালো পলিথিন শিট বা অর্কিড নেটে আবৃত করতে হবে। বেরিড ব্রুডকে ১০০ পিপিএম ফরমালিন দ্রবণ দ্বারা ৩০ মিনিট ধরে জীবাণুমুক্ত করতে হবে এবং হ্যাচিং ট্যাংকে স্থানান্তরের আগে বারবার পরিষ্কার সমুদ্রের পানি দিয়ে ধুয়ে নিতে হবে। প্রথম ৩ দিনের জন্য লোনাপানির বা সামুদ্রিক মাছ, ঝিনুকের মাংস, ব্লাড কোকল্স, পলিকিট, স্কুইড ইত্যাদি প্রতিদিন দেহ ওজনের ১০-১৫% হারে খাদ্য হিসাবে প্রদান করতে হবে। এক ঘণ্টা পর অভক্ষিত খাদ্য সাইফনিং করে অপসারন করতে হবে। যখন ডিমগুলো গাঢ় কমলা বা হালকা বাদামী রঙে পরিণত হয় তখন খাদ্য সরবরাহ বন্ধ করে দিতে হবে। পানি পরিবর্তনের আগে ডিম এবং মল সাইফনিং করে ফেলে দিতে হবে। প্রতিদিন প্রায় ৩০-৪০% পানি পরিবর্তন করা উচিত। ভ্রূণের বিকাশ এবং বায়োফাউলিং পরীক্ষণের জন্য ইনকিউবেশন সময়ে প্রতি ৩-৪ দিন পর পর মাইক্রোস্কোপের নীচে ডিমের নমুনা পর্যবেক্ষণ করা প্রয়োজন। ছত্রাক বা প্রোটোজোয়া দ্বারা ডিমের সংক্রমণ প্রতিরোধের ক্ষেত্রে প্রতি ২-৩ দিন অন্তর ট্যাংকের পানিতে ০.১ পিপিএম হারে টেফলন (৪৪% ট্রাইফুরালিন) প্রয়োগ করতে হবে। সাধারনত ২৭-৩০ পিপিটি লবণাক্ততা এবং ২৭-৩০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার পানিতে ১০-১৪ দিনের মধ্যে হ্যাচিং (জইয়া-১ উৎপন্ন) সংঘটিত হয়। হ্যাচিং সাধারণত খুব ভোরে শুরু হয় এবং ৩০ মিনিট থেকে ১ ঘন্টার মধ্যে শেষ হয়। সমস্ত ডিম ছাড়ার পরে কাঁকড়াটিকে হ্যাচিং ট্যাংক থেকে স্থানান্তরিত করা উচিত। হ্যাচড্ কাঁকড়া গুলোকে পূর্বের ন্যায় যত্ন নিতে হবে এবং স্পনিং ট্যাংকে স্থানান্তর করতে হবে। কারন একটি প্রাপ্তবয়স্ক মা কাঁকড়া খোলস পরিবর্তন না করে এবং পুনরায় ম্যাটিং ছাড়াই ১-৪ মাসের মধ্যে আরও দুইবার ডিম দিতে সক্ষম।

প্রযুক্তির জন্য উপযুক্ত স্থান

- উপকূলীয় অঞ্চল (সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, চট্টগ্রাম এবং কক্সবাজার) ।

প্রযুক্তির সুবিধাঃ

- এই প্রযুক্তিতে ৪০-৬৯% বেরিড ব্রুড উৎপাদন সম্ভব যাদের হ্যাচিং এর হার ৮৪-৯৪% পর্যন্ত হয়ে থাকে।
- নিরবিচ্ছিন্নভাবে হ্যাচারিতে পর্যাপ্ত বেরিড ব্রুড সরবরাহ এবং কাঁকড়ার পোনা উৎপাদনের ক্ষেত্রে এই প্রযুক্তির প্রয়োগ সহায়ক ভূমিকা পালন করবে।
- শীলা কাঁকড়ার চাষের জন্য একটি নতুন ভ্যালু চেইন তৈরি হবে, যার মধ্যে ব্রুডস্টক ব্যবস্থাপনা, হ্যাচারি অপারেশন, নার্সারি গ্রুপ গঠন এবং পরিশেষে ফ্যাটেনিং এবং নরম খোলসের কাঁকড়া খামারে চাষযোগ্য কিশোর কাঁকড়া সরবরাহ উল্লেখযোগ্য।
- এই প্রযুক্তির প্রয়োগ কাঁকড়ার উৎপাদন এবং বৈদেশিক মুদ্রা অর্জন বৃদ্ধির পাশাপাশি প্রাকৃতিক মজুদ সংরক্ষণ এবং ব্যবস্থাপনায় সহায়ক ভূমিকা পালন করবে।

Ministry of Agriculture
THE WORLD BANK IBRD • IDA | WORLD BANK GROUP
USAID FROM THE AMERICAN PEOPLE
IFAD Investing in rural people

Enhance Nutritional Security-Fish-Based Food Products and Extension of its Shelf Life

Introduction

Many Southeast Asian countries consider fish crackers to be exotic snack foods. The fish Crackers can be a popular ready-to-eat snacks item for all cluster of people. It can be a great choice to replace the potato crackers which is mainly contain carbohydrates, but fish crackers contain protein along with carbohydrates. Beside the fish flesh as the protein source, starch is a crucial ingredient in making fish crackers. Starch is used to impart viscidness and consistency of the crackers. Various starch flour such as tapioca, wheat, corn, sago, rice and even mug bean is available for fish cracker manufacture. Good quality cracker must have adequate expansion on puffing for crispness, as well as low moisture content and low oil absorption.

Fish at large are distributed into two main clusters which are marine and freshwater fishes. In the fish cracker production, marine fishes are usually been used by many manufacturers since most of them live in the coastal area. Some of the marine fish supposedly used for fish cracker preparation are sardine *(Clupea leiogaster)*, jewfish *(Johnius soldado),* big-eye *(Brachydeuterus auritus),* snapper *(Lutjanus spp),* yellow pike conger *(Ophiocephalus micropeltis),* and featherback *(Natopterus chilata).* Some viable fish crackers in Malaysia are found to have used Yellow-banded trevally *(Selaroides leptoleptis)*, Wolf herring *(Chirocentrus dorab)* and Round herring *(Dussumieria hasselti)* as the fish source. In Indonesia, Barred spanish mackerel *(Scomberomerus commersoni)* is used as the fish source. The profitable fish crackers in Thailand are usually produced from tuna, sardine and mackerel, though the choice of fish depends on accessibility, cost and the required quality of the final product. However, with the progress of aquaculture technology, some cultivated fresh water fish can be used as the raw material for fish cracker manufacture. Various freshwater fishes are being cultured through this technique such as dory, carp, catfish *(Pangasius spp.)*, and many more. Bighead carp *(Hypophthalmichthys nobilis),* Dory *(Pangasius hypothalamus)* and Rohu *(Labeo rohita)* are the freshwater fishes that is believed has the probable to be used in the fish cracker industry.

Description

- First 90g Tuna/Tilapia fish mince was taken in a bowl.
- Then added ingredients (Tapioca flour-100g, Sugar-6g, Salt-5.5g, Ice-15g, and Sodium bicarbonate-1g) and mixed well.
- The dough was shaped into cylindrical and steamed for 30 min followed by chilling in refrigerator overnight.
- On the next day, cylinder shaped product was cut into 2 mm thickness and put into oven of 50°C for 10 to 12 hours or sundried for a day until the moisture content reading was 10% ± 2%.
- Dried crackers were then deep fried in vegetable oil at 170-180°C.
- Then the fish crackers were ready as ready-to-eat (RTE) products for Modified Atmosphere Packaging (MAP) ing and preservation at room temperature.

Photo: Crackers made from proceed fish

Suitable Location

- Any location where low-cost fish is available.

Benefits:

- Easy preparation
- Less instrument involvement
- Suitable for small scale business

Researcher:

Dr. Md. Tariqul Islam
Professor
Department of Fisheries
University of Rajshahi, Rajshahi.
Mobil: +88-01712697251, Email: tariqrubd@gmail.com

পুষ্টি নিরাপত্তায় মাছ ভিত্তিক খাদ্য পণ্য উন্নয়ন এবং এর স্থায়ীত্বকাল বৃদ্ধি

ভূমিকা

দক্ষিণ-পূর্ব এশিয়ার অনেক দেশ মাছের ক্রেকার্স বিদেশী স্ন্যাক খাবার হিসাবে বিবেচনা করে। মাছের ক্রেকার্স মানুষের জন্য একটি জনপ্রিয় প্রস্তুত খাবার হতে পারে। মাছের ক্রেকার্সে শর্করার সাথে আমিষ থাকে, যা শর্করা সমৃদ্ধ আলুর ক্রেকার্সের স্থলে জায়গা করে নিতে পারে। আমিষের উৎস হিসেবে মাছের মাংশল অংশ ও শর্করা (স্টার্চ) মাছের ক্রেকার্স তৈরির একটি গুরত্বপূর্ণ উপাদান। বিভিন্ন প্রকার শর্করা যেমন ট্যাপিওকা, গম, ভুট্টা, সাগো, চাল এমনকি মুগ ডালের ময়দা মাছের ক্রেকার্স তৈরিতে ব্যবহৃত হয়। ভালো মানের ক্র্যাকার্স অবশ্যই ভাল পাফিং, কম আর্দ্রতা এবং কম তেল শোষণ হতে হবে।

মাছ দুটি বৃহৎ জলজ পরিবেশে বিচরণ করে একটি সামুদ্রিক এবং অন্যটি স্বাদু পানি। সাধারণত সামুদ্রিক মাছ ক্রেকার্স উৎপাদনে ব্যবহার হয়। ফিশ ক্রেকার্স তৈরির জন্য ব্যবহৃত কিছু সামুদ্রিক মাছ হল সার্ডিন, জিউফিশ, বিগ-আই, স্ন্যাপার, ইয়েলো পাইক কনগার, এবং ফিদারব্যাক। মালয়শিয়ায় কিছু ফিশ ক্রেকার্সে হলুদ-ব্যান্ডেড ট্রেভালি, উলফ হেরিং এবং রাউন্ড হেরিং মাছ ব্যবহার করা হয়। ইন্দোনেশিয়ায় ব্যারেড স্প্যানিশ ম্যাকেরেল মাছের উৎস্য হিসেবে ব্যবহৃত হয়। থাইল্যান্ডে ফিশ ক্রেকার্স তৈরিতে সাধারণতঃ টুনা, সার্ডিন এবং ম্যাকেরেল মাছ ব্যবহৃত হয়, যদিও ক্রেকার্স তৈরির জন্য মাছের পছন্দ নির্ভর করে তার মান ও উৎপাদন খরচের উপর। মাছ চাষের প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে কিছু চাষ করা স্বাদু পানির মাছের মাংশল অংশ/কিমা ক্রেকার্স তৈরির কাঁচামাল হিসাবে ব্যবহার করা যেতে পারে। নতুন প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন স্বাদু পানির মাছ যেমন পাঙ্গঁশ, কার্প, তেলাপিয়া ও ক্যাটফিশ চাষ করা হচ্ছে। স্বাদু পানির মাছের মধ্যে বিগহেড কার্প, পাঙ্গঁশ এবং রুই মাছ, যা মাছের ক্রেকার্স শিল্পে ব্যবহার করার সম্ভাবনা রয়েছে।

প্রযুক্তির বর্ণনা

- প্রথমে ৯০ গ্রাম তিলাপিয়া/টুনা মাছের কিমা একটি পাত্রে নিতে হবে।
- এতে ট্যাপিওকা ময়দা-১০০ গ্রাম, চিনি-৬ গ্রাম, লবণ-৫.৫ গ্রাম, বরফ কুচি-১৫ গ্রাম, এবং সোডিয়াম বাইকার্বোনেট-১ গ্রাম যোগ করে ভালভাবে মিশাতে হবে।
- ময়দার মিশ্রনটি নলাকার আকারে তৈরি করতে হবে এবং ৩০ মিনিটের জন্য ষ্টীম করে সারারাত রেফ্রিজারেটরে ঠান্ডা করা করতে হবে।
- পরবর্তী দিন, নলাকার আকৃতির পণ্যটি ২ মিমি পুরুত্বে কেটে ৫০ ডিগ্রি সে. তাপমাত্রায় ওভেনে ১০ থেকে ১২ ঘন্টার জন্য রাখতে হবে বা আদ্রতার পরিমাণ ১০-১২% না হওয়া পর্যন্ত এক দিনের জন্য রৌদ্রে শুকানো যেতে পারে।
- অতঃপর শুকনো ক্রেকার্সগুলি উদ্ভিজ্জ তেলে ১৭০-১৮০ ডিগ্রি সেলসিয়াসে ভাজতে হবে।

চিত্র: মাছ হতে তৈরিকৃত ক্রেকার্সে জন্য নলাকার পণ্য

- অতঃপর ফিশ ক্রেকার্সগুলো খাবার উপযোগী প্রস্তুতকৃত পণ্য হিসাবে ম্যাপ (গঅচ) প্যাকেজিং করে ঘরের তাপমাত্রায় সংরক্ষণ করা যেতে পারে।

উপযুক্ত অবস্থান

- যে কোনো জায়গায় যেখানে কম দামে মাছ পাওয়া যায়।

প্রযুক্তির সুবিধা

- সহজ প্রস্তুত করা যায়।
- কম যন্ত্রের ব্যবহার হয়।
- ক্ষুদ্র ব্যবসার জন্য উপযুক্ত।

Ministry of Agriculture
THE WORLD BANK IBRD • IDA | WORLD BANK GROUP
USAID FROM THE AMERICAN PEOPLE
IFAD Investing in rural people